



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পুলিশ
এন্টি টেররিজম ইউনিট
বাড়ী নং-৩৫, সোহরাওয়ার্দী এভিনিউ, ব্লক-কে, বারিধারা, ঢাকা-১২১২
www.atu.police.gov.bd



স্মারক নং- পিআর ৯৭/২২

তারিখ: ১ চৈত্র ১৪২৮ বঙ্গাব্দ
৩১ মার্চ ২০২২ খ্রিস্টাব্দ


প্রেস বিজ্ঞপ্তি

বিষয়: এন্টি টেররিজম ইউনিট কর্তৃক নিষিদ্ধ ঘোষিত জঙ্গি সংগঠন “আনসার আল ইসলাম” এর ০১ (এক) সক্রিয় সদস্য গ্রেফতার।

এন্টি টেররিজম ইউনিট (এটিইউ) এর চৌকস দল গোপন সংবাদের ভিত্তিতে ৩০ মার্চ, ২০২২ খ্রিঃ তারিখ ২১.১০ ঘটিকার সময় বিশেষ অভিযান পরিচালনা করে কলাবাগান থানা এলাকা হতে নিষিদ্ধ ঘোষিত জঙ্গি সংগঠন “আনসার আল ইসলাম” এর ০১ (এক) সক্রিয় সদস্যকে গ্রেফতার করেছে। গ্রেফতারকৃত সদস্যের নাম- মোঃ নাঈম আলী @নাঈম বিন সাদ @মুজাহিদ আল হিন্দ (১৯), পিতা- মোঃ সাদ আহমেদ, মাতা- মোছাঃ মর্জিনা খাতুন, স্থায়ী ঠিকানা- গ্রাম-খোর্দ আইলচারা, থানা-মিরপুর, জেলা- কুষ্টিয়া, বর্তমান ঠিকানা- ভোগেন ভিলা, ৫০/১ নর্থ ধানমন্ডি, থানা- কলাবাগান, ডিএমপি, ঢাকা। গ্রেফতারকালে তার নিকট থেকে উগ্রবাদী কার্যক্রমে ব্যবহৃত ০১ টি এন্ড্রয়েড মোবাইল ফোন, ০১ টি বাটন মোবাইল সেট ও ০১ টি মেমোরি কার্ড এবং ০৫ টি উগ্রবাদী বই জব্দ করা হয়েছে।

গ্রেফতারকৃত মোঃ নাঈম আলী @নাঈম বিন সাদ @মুজাহিদ আল হিন্দ (১৯) ‘গাজওয়াতুল হিন্দ’ প্রতিষ্ঠার লক্ষ্যে অনলাইনে উগ্রবাদী প্রচারণা ও রাষ্ট্রবিরোধী ষড়যন্ত্রের মাধ্যমে বাংলাদেশে খিলাফত প্রতিষ্ঠা করার উদ্দেশ্যে দীর্ঘ দিন ধরে বিভিন্ন কার্যক্রম পরিচালনা করে আসছিল। সে সামাজিক যোগাযোগ মাধ্যমে ফেইক আইডি ব্যবহার করে রাষ্ট্র ও সরকার বিরোধী, ধর্মীয় উসকানিমূলক ও উগ্রবাদী বিভিন্ন পোস্ট দিয়ে আসছিল। এছাড়াও সে নিজেদের মতাদর্শ প্রচারের মাধ্যমে অনলাইনে “আনসার আল ইসলাম” এর পক্ষে সদস্য সংগ্রহের কাজ করে আসছিল। উগ্রবাদী বিভিন্ন বই ও কনটেন্ট অনলাইনে পোস্ট দিয়ে অগ্রহীদের সাথে নিয়মিত যোগাযোগ রক্ষাসহ তাদের উগ্রবাদের দিকে আহ্বান করে আসছিল গ্রেফতারকৃত নাঈম আলী @নাঈম বিন সাদ @মুজাহিদ আল হিন্দ।

গ্রেফতারকৃত মোঃ নাঈম আলী @নাঈম বিন সাদ @মুজাহিদ আল হিন্দ (১৯) এর বিরুদ্ধে ডিএমপি, কলাবাগান থানার মামলা নং- ৩১, তাং-৩১/০৩/২০২২খ্রিঃ, সন্ত্রাস বিরোধী আইন ২০০৯ (সংশোধনী-২০১৩)-এর ৮/৯(৩)/১০/১২/১৩ ধারায় নিয়মিত মামলা রুজু করা হয়েছে। তার বিষয়ে পরবর্তী আইনানুগ কার্যক্রম প্রক্রিয়াধীন।



৩১/০৩/২০২২

(ওয়াহিদা পারভীন)

সহকারী পুলিশ সুপার

মিডিয়া অ্যান্ড অ্যাওয়ারেনেস উইং

এন্টি টেররিজম ইউনিট,

বাংলাদেশ পুলিশ ঢাকা

Email: atu.aspma@police.gov.bd